



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/13/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল 5 থেকে 11 বছর বয়সীদের জন্য 10-টি রাজ্যের গণ টিকা দেওয়ার সাইট এখন খোলা বলে ঘোষণা করেছেন

শিশু বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, গ্রামীণ এবং ফেডারেলি যোগ্য স্বাস্থ্য কেন্দ্র এবং স্কুল ভিত্তিক ক্লিনিকগুলির প্রতিষ্ঠিত নেটওয়ার্কের পরিপূরক হবে রাষ্ট্রীয় সাইটগুলি

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের 10-টি গণ টিকা দেওয়ার সাইটগুলি এখন নতুনভাবে যোগ্য 5 থেকে 11 বছর বয়সী শিশুদের COVID-19 টিকা প্রদান করবে। এই বয়সের শিশুদের জন্য CDC ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকার প্রদান করার সুপারিশ করার পরে নিউ ইয়র্ক স্টেটের ক্লিনিক্যাল অ্যাডভাইজরি টাস্ক ফোর্স CDC-র সুপারিশ অনুমোদন করেছে এবং রাজ্য প্রদানকারীদের নির্দেশিকা জারি করেছে। সেই সময় থেকে, এই বয়সের 50,000 টিরও বেশি নিউ ইয়র্কের শিশু টিকার প্রথম ডোজ পেয়েছে।

"বাবা-মায়েরা তাদের ছোট বাচ্চাদের কোভিড-19 থেকে রক্ষা করার ক্ষমতার জন্য অপেক্ষা করছিলেন, এবং আমরা এটি সম্ভব করার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করছি," **গভর্নর হোচুল বলেন।** "যখন থেকে এই 5 থেকে 11 বছর বয়সী গোষ্ঠীটি যোগ্য হয়ে উঠেছে, আমরা বাবা-মায়েদের তাদের শিশুরোগ বিশেষজ্ঞ এবং স্থানীয় স্বাস্থ্য প্রদানকারীদের কাছে টিকা নেওয়ার অ্যাপয়েন্টমেন্ট স্থির করার জন্য উৎসাহিত করছি এবং এখন আমি আমাদের রাজ্যের গণ টিকাদান সাইটগুলিকে তাদের দরজা খোলার জন্য নির্দেশ দিচ্ছি সর্বকনিষ্ঠ এবং সম্প্রতি যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য।"

টিকাগুলি বর্তমানে শিশু বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, স্থানীয় স্বাস্থ্য বিভাগ, গ্রামীণ এবং ফেডারেলভাবে যোগ্য স্বাস্থ্য কেন্দ্র এবং ফার্মেসিগুলির নেটওয়ার্ক দ্বারা প্রদান করা হচ্ছে। এই প্রচেষ্টাকে ত্বরান্বিত এবং প্রসারিত করার জন্য, গভর্নর রাজ্যের গণ টিকাদান সাইটগুলিকে পেডিয়াট্রিক ডোজ জোগাড় করতে এবং 5 থেকে 11 বছর বয়সী শিশুদের টিকা দেওয়ার জন্য প্রস্তুত করতে বলেছেন, 13টি সাইটের সবগুলি সামনের দিনগুলিতে এটি করার প্রস্তুতি নিচ্ছে।

নিম্নলিখিত স্থানগুলি 5 থেকে 11 বছর বয়সীদের টিকা প্রদান করবে:

দ্য গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার - আর্ট অ্যান্ড হোম সেন্টার, সাইরাকিউজ

SUNY ওল্ড ওয়েস্টবেরি - ক্লার্ক অ্যাথলেটিক সেন্টার (Clark Athletic Center), গ্লেন হেড

ক্রসগেটস মল, প্রাক্তন লর্ড এবং টেলর স্টোর - উপরের স্তর, আলবেনি

অ্যাকুইডাক্ট রেসট্র্যাক, সাউথ ওজোন পার্ক
রচেস্টার এডুকেশনাল অপরচুনিটি সেন্টার (Rochester Educational Opportunity
Center), রচেস্টার
মেডগার এভারস কলেজ (Medgar Evers College) - ব্রুকলিন
বে ইডেন সিনিয়র সেন্টার, ব্রুকস
নিউ ইয়র্ক ন্যাশানাল গার্ড আর্মরি (New York National Guard Armory), ইয়ংকাস
SUNY স্ট্যানি ব্রুক, স্ট্যানি ব্রুক
বাফেলো বিশ্ববিদ্যালয় সাউথ ক্যাম্পাস, বাফেলো

বাবা-ম এবং অভিভাবক স্টেট টিকাকরণ সাইটগুলিতে অ্যাপয়েন্টমেন্ট করতে পারেন [এখানে](#)।
উপরন্তু, বাবা-মা এবং অভিভাবকদের উৎসাহ দেওয়া হচ্ছে তাদের শিশুর পিডিয়াট্রিশিয়ান,
পারিবারিক চিকিৎসক, স্বাস্থ্য কেন্দ্র, ফার্মেসি বা অন্যান্য প্রদানকারীদের সাথে যোগাযোগ করার
জন্য কিভাবে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করা যায় এবং টিকা সংক্রান্ত তথ্যের জন্য।

এছাড়াও, বাবা-মা এবং অভিভাবকদের রাজ্যের নতুন ওয়েবসাইট ny.gov/vaxforkids এ যেতে
উৎসাহ দেওয়া হয় শিশুদের জন্য কোভিড-19 টিকা সম্পর্কিত তথ্য, প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন,
এবং নতুন সংস্থানের জন্য। রাজ্য সম্প্রতি পেডিয়াট্রিক প্রদানকারীদের এবং অকুস্থলে থাকা
শিশুদের টিকা প্রদানকারী এলাকাগুলিকে সহায়তা করার জন্য তৈরি-করা-সামগ্রী যোগ করেছে
নতুন পোস্টার এবং স্টিকার সহ, যা এখানে উপলব্ধ।

নিশ্চিত করুন যে কোন সাইট বা প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে,
যেহেতু এই বয়সের গোষ্ঠীর জন্য অন্য কোভিড-19 টিকা অনুমোদিত নয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)